



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.১৮-২৩০

তারিখঃ ১৭ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

প্রেরকঃ মোঃ আবু ইব্রাহিম
সিনিয়র সহকারী সচিব (আইন-১)

প্রাপকঃ ১। জেলা প্রশাসক, রংপুর
২। পুলিশ সুপার, রংপুর
৩। রিটার্নিং অফিসার, নির্বাচনি এলাকা ২১ রংপুর-৩
৪। জনাব এফ, এম, আহসানুল হক, যুগ্ম জেলা ও দায়রা জজ, রংপুর ও চেয়ারম্যান, নির্বাচনি তদন্ত কমিটি
৫। জনাব আশফাকুর রহমান, সহকারী জজ, রংপুর ও সদস্য, নির্বাচনি তদন্ত কমিটি

পরিপত্র-১০

বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের ২১ রংপুর-৩ আসনের নির্বাচনে “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” এর কর্মকর্তাগণের ভোট গ্রহণের তারিখ ও উহার অব্যবহিত পূর্বের কার্যকলাপের বিষয়ে দিক নির্দেশনা ও আনুষঙ্গিক খাতে প্রদত্ত অর্থের ব্যয় নির্বাহ প্রসংগে

মহোদয়,

নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 91A এর অধিন বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সমন্বয়ে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” গঠন করা হয়েছে এবং এই কার্যক্রম অব্যাহত রয়েছে।

২। একাদশ জাতীয় সংসদের ২১ রংপুর-৩ আসনের নির্বাচন উপলক্ষে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালায় বিধি ৮(ঘ) এবং ১১(ঘ) অনুযায়ী নির্বাচনে শান্তি-শৃংখলা রক্ষার সুবিধার্থে নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে মোটর সাইকেল বা অন্য কোন যান্ত্রিক যানবাহন চালাতে পারবেন না এবং অস্ত্র বিস্ফোরক এবং Arms Act, 1878 এর সংজ্ঞা অনুযায়ী Fire Arms বা অন্য কোন Arms বহন করতে পারবেন না।

৩। নির্বাচনের দিন বা ভোট গ্রহণের তারিখের পূর্বে কোন দল, মহল বা প্রার্থী কর্তৃক উল্লিখিত রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালায় লংঘন হচ্ছে কিনা তা প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অথবা নালিশের প্রেক্ষিতে অথবা স্ব-উদ্যোগে উক্তরূপ লংঘন পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব(আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ **সংশ্লিষ্ট নির্দিষ্ট ছকে** প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

৪। উপরিউক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে নির্বাচনি তদন্ত কমিটির গাড়ী ব্যবহারের ও পুলিশের সাহায্য নেয়ার প্রয়োজনীয়তা দেখা দিলে অতএব, নির্বাচনি তদন্ত কমিটির রিকুইজিশন সাপেক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জেলা প্রশাসক, পুলিশ সুপার এবং আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার সার্বক্ষণিকভাবে একটি গাড়ী ও দুইজন অস্ত্রধারী পুলিশ ন্যস্ত করার নিশ্চয়তা বিধান করবেন।

৫। একাদশ জাতীয় সংসদের ২১ রংপুর-৩ আসনের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার নির্বাচনি তদন্ত কমিটির আনুষঙ্গিক ব্যয় নির্বাহের নিমিত্ত প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হচ্ছে। নির্বাচনি তদন্ত কমিটির জ্যেষ্ঠ কর্মকর্তার মাধ্যমে উক্ত অর্থ ব্যয়িত হবে এবং নির্বাচন শেষ হওয়ার ১(এক) মাসের মধ্যে প্রতিটি ব্যয়ের লেনদেনের রশিদ ও অব্যয়িত অর্থ সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার বরাবরে হস্তান্তর করতে হবে।

৬। সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জেলা নির্বাচন অফিসার-কে অবিলম্বে “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” এর অনুকূলে বরাদ্দকৃত অর্থ তদন্ত কমিটির জ্যেষ্ঠ কর্মকর্তার বরাবরে অর্পণ করার জন্য নির্দেশ প্রদান করা হল।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

(মোঃ আবু ইব্রাহিম)

সিনিয়র সহকারী সচিব (আইন-১)


ফোন : ০২-৫৫০০৭৫৪৩

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.১৮-২৩০

তারিখঃ ১৭ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
- ০২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
- ০৩। জেলা ও দায়রা জজ, রংপুর
- ০৪। বিভাগীয় কমিশনার, রংপুর
- ০৫। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৬। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৭। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)
- ০৮। উপ-মহাপুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ
- ০৯। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর
- ১০। পুলিশ কমিশনার, রংপুর
- ১১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল
- ১২। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, রংপুর (নির্বাচনি তদন্ত কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)
- ১৪। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভি.ডি.পি,(সংশ্লিষ্ট)
- ১৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,(সংশ্লিষ্ট)
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার(সংশ্লিষ্ট)
- ১৭। সিনিয়র সহকারী সচিব (নির্বাচনী ব্যবস্থাপনা ও সমন্বয়-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৮। সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৯। সহকারী রিটার্নিং অফিসার, নির্বাচনি এলাকা,.....(সংশ্লিষ্ট)
- ২০। ভারপ্রাপ্ত কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
- ২০। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২১। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ২২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৩। উপজেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট)


(মোঃ আবু ইব্রাহিম)

সিনিয়র সহকারী সচিব (আইন-১)

ফোন: ০২-৫৫০০৭৫৪৩